

বনানী ডি. ও. এইচ .এস পরিষদ

জীম সুবিধা গ্রহণ সম্পর্কিত নীতিমালা

- ১। কেবলমাত্র অত্র ডিওএইচএস এর স্থায়ী বাসিন্দা, অস্থায়ী অধিবাসী ও ভাড়াটিয়াবৃন্দ (সিংগেল/স্বপরিবারে) নীতিমালা অনুসরণ পূর্বক জীমনেশিয়াম সুবিধা ভোগ করতে পারবেন ।
- ২। সিংগেল সদস্য বলতে কেবল মাত্র প্লট/ফ্ল্যাট মালিক, টেন্যান্ট অথবা পরিবারের মাত্র ১ জন সদস্য (স্ত্রী, সন্তান, পিতা, মাতা) কে বুঝাবে ।
- ৩। ফ্যামিলি বলতে প্লট/ফ্ল্যাট মালিক, টেন্যান্ট ও তার সাথে পরিবারের অন্য ৩ জন (তিনি) জন সদস্য (স্বামী/স্ত্রী, ছেলেমেয়ে, পিতামাতা) সর্বমোট ০৪ জনকে বুঝাবে ।
- ৪। স্থায়ী বাসিন্দা বলতে প্লট/ফ্ল্যাট মালিক ও যাদের নাম বনানী ডিওএইচএস এ্যাসোসিয়েশন এর ভোটার তালিকায় (ক্যান্ট বোর্ড কর্তৃক প্রেরিত) আছে তাদেরকে বুঝাবে । এ ছাড়া যারা ফ্ল্যাট কেনার পরে এমইও অফিস কর্তৃক নাম জারী সম্পন্ন হয়েছে তারাও স্থায়ী বাসিন্দা সুবিধা পাবেন ।
- ৫। যারা ফ্ল্যাট কিনেছেন, রেজিস্ট্রেশন হয়েছে কিন্তু এখনও নাম জারী সম্পন্ন হয়নি তারা স্থায়ী সদস্যের সুবিধা পাবেন না ।
- ৬। অস্থায়ী সদস্য বলতে সকল টেন্যান্ট ও ফ্ল্যাট মালিক যাদের ফ্ল্যাটের নাম জারী (মিউটেশন) সম্পন্ন হয়নি তাদেরকে বুঝাবে ।
- ৭। জীমের এন্ট্রি ফি ও মাসিক ফি নিম্নরূপ (সময়ে সময়ে পরিবর্তনযোগ্য) :

ক্রমিক	ফি	স্থায়ী বাসিন্দা	অস্থায়ী বাসিন্দা	মতব্য
১	এন্ট্রি			
ক	সিংগেল	১০০০	২০০০	
খ	ফ্যামিলি (সদস্য সর্বাধিক ৪ জন)	২০০০	৪০০০	
২	মাসিক			
ক	সিংগেল	২৫০	৫০০	
খ	ফ্যামিলি (সদস্য সর্বাধিক ৪ জন)	৫০০	১০০০	

- ৮। কেবলমাত্র ফ্ল্যাট মালিক/প্লট মালিক ও টেন্যান্টগণ যারা পরিবার প্রধান তিনিই নিজের/সদস্যদের জন্য আবেদন ফরম পূরণ করে জমা দিবেন ।
- ৯। আবেদন ফরমে জীম সদস্যগণের নাম ঠিকানাসহ ১ কপি পাসপোর্ট সাইজের ছবি থাকতে হবে ।
- ১০। বনানী ডিওএইচএস এর কোন অফিস/প্রতিষ্ঠানের ব্যক্তিবর্গ জীমের সদস্য হতে পারবেন না ।
- ১১। কোন বিদেশী নাগরিক অত্র জীমের সদস্য হতে পারবেন না ।

বনানী ডি. ও. এইচ .এস পরিষদ

১২। জীমের সদস্যভূক্তির আবেদন ফরম জমা দেওয়ার পরে এন্ট্রি ফির সাথে ১ মাসের অগ্রিম চাঁদা অফিসে পরিশোধ করবেন ।

১৩। সকল সদস্য জীমের মাসিক চাঁদা পূর্ববর্তী মাসে অফিসে পরিশোধ করবেন । অগ্রিম পরিশোধ না করলে জীমে অনুশীলনের পূর্বেই চাঁদা পরিশোধ সাপেক্ষে জীম সুবিধা গ্রহণ করবেন ।

১৪। জীমের এন্ট্রি ফি/মাসিক চাঁদা আদায়ের বিষয়টি জীম প্রশিক্ষক নিশ্চিত হবেন এবং তারপরে সম্মানিত সদস্যকে জীম সুবিধা গ্রহনের সুযোগ দিবেন ।

১৫। কোন সদস্য ২ মাস বা তার অধিক সময়ের জন্য বিদেশে গেলে কিংবা কোন অনিবার্য কারনে দেশে থেকেও জীমে আগমন করতে না পারলে তিনি টাকা অগ্রিম পরিশোধ করে যাবেন কিংবা প্রতিমাসের চাঁদা পরিশোধ নিশ্চিত করবেন । অন্যথায় ২ মাস অতিক্রান্ত হলে তার সদস্যপত্র স্থগিত হবে । পরবর্তীতে নতুন করে এন্ট্রি ফি / সম্পূর্ণ বকেয়া পরিশোধ ব্যতীত জীম সুবিধা গ্রহণ করতে পারবেন না ।

১৬। কোন সদস্য তার সদস্যপত্র স্থগিত করতে চাইলে লিখিতভাবে পরিষদকে অবহিত করবেন ।

১৭। জীমের সময়সূচী পরিবর্তনযোগ্য ।

১৮। জীম সরঞ্জামাদি ব্যবহারের ক্ষেত্রে জীম প্রশিক্ষকের পরামর্শ/নির্দেশনা মেনে চলতে হবে ।

১৯। বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষন করে ও বিভিন্ন বাস্তব কারনে এই নীতিমালা পরিবর্তনীয় ।

২০। জীমের এন্ট্রি ফি ও সদস্য ফি পরিবর্তনযোগ্য ।

২১। জীম প্রতিষ্ঠাকালীন জীমের উদ্যেঙ্গা সদস্যবর্গ অর্থাৎ জুন ২০১১ সনের পরিষদের নির্বাহী সদস্যবর্গ ও তাদের পরিবারের সদস্যবর্গের জন্য এন্ট্রি ফি মওকুফ । তাঁরা সর্বদা কেবল মাত্র ৫০% হারে মাসিক চাঁদা প্রদান করবেন ।

মোঃ আহসান হাবিব
বিগেডিয়ার জেনারেল (অবঃ)
সেক্রেটারী
বনানী ডিওএইচএস পরিষদ